

# আমিরাত চুয়েট প্রকৌশলী সমিতি প্রতি বছর ৫ জন মুক্তিযোদ্ধাকে ১০ লাখ টাকা সম্মাননা দেবে



সাইফুল ইসলাম তালুকদার ইউএই

আরব আমিরাতে অবস্থানরত চট্টগ্রাম প্রকৌশলী ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্রছাত্রীদের এক পুনর্মিলনী ও আলোচনা সভা গত ২৯ জানুয়ারি অনুষ্ঠিত হয়। দুবাই মামজার পার্কে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন প্রকৌশলী মোঃ শাহজাহান। বক্তব্য রাখেন প্রকৌশলী মোহাম্মদ আবু জাফর চৌধুরী, প্রকৌশলী মুজিবুর রহমান, প্রকৌশলী শহিদুল ইসলাম, প্রকৌশলী মোঃ দেলোয়ার হোসেন, প্রকৌশলী ফজলে হাসান, প্রকৌশলী মিজানুর রহমান, প্রকৌশলী আহমদ হোসেন, প্রকৌশলী দ্বীনবন্ধু তালুকদার, প্রকৌশলী সিরাজুল ইসলাম প্রমুখ। মুক্তিযোদ্ধাদের অবদানের কথা উল্লেখ করে বক্তারা বলেন, বাংলার মাটিতে স্বাধীনতা বিরোধী যুদ্ধাপরাধীদের বিচার করতেই হবে। বাংলার মানুষ কখনই এদের ক্ষমা করবে না। বক্তারা আরো বলেন, আরব আমিরাতে চুয়েট প্রকৌশলী সমিতির পক্ষ থেকে প্রতি বছর বাংলাদেশে ৫ জন মুক্তিযোদ্ধাকে ২ লাখ টাকা করে মোট ১০ লাখ টাকা বিশেষ সম্মাননা প্রদান করা হবে। অনুষ্ঠানে প্রকৌশলীরা সপরিবারে অংশগ্রহণ করে পুরোনো স্মৃতি তুলে ধরেন। পরিণত হয় এক আনন্দঘন মুহূর্তের। সভা শেষে প্রকৌশলী মোহাম্মদ শাহ আলমকে সভাপতি ও প্রকৌশলী শহিদুল ইসলামকে সাধারণ সম্পাদক করে ১২ সদস্য বিশিষ্ট চুয়েট প্রকৌশলী সমিতি, সংযুক্ত আরব আমিরাত গঠন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন একুশে টেলিভিশন ও ভোরের কাগজের আরব আমিরাত প্রতিনিধি সাইফুল ইসলাম তালুকদারসহ প্রবাসী অন্য সাংবাদিকরা।